# সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪৩০৫

৩৩/ শাস্তির বিধান (كتاب الحدود)

পরিচ্ছেদঃ ১. মুরতাদের শাস্তির বিধান।

باب الْحُكْمِ فِيمَنِ ارْتَدَّ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الْعَلاَءِ، حَدَّثَنَا حَفْصٌ، حَدَّثَنَا الشَّيْبَانِيُّ، عَنْ أَبِي بُرْدَةَ، بِهَذِهِ الْقِصَّةِ قَالَ فَأُتِيَ أَبُو مُوسَى بِرَجُلٍ قَدِ ارْتَدَّ عَنِ الإِسْلاَمِ، فَدَعَاهُ عِشْرِينَ لَيْلَةً أَوْ قَرِيبًا مِنْهَا فَجَاءَ مُعَاذٌ فَدَعَاهُ فَأَبَى فَضُرِبَ عُنُقُهُ . قَالَ أَبُو دَاوُدَ وَرَوَاهُ عَبْدُ الْمَلِكِ بْنُ عُمَيْرٍ عَنْ أَبِي بُرْدَةَ لَمْ يَذْكُرِ الاِسْتِتَابَةَ وَرَوَاهُ ابْنُ فُضَيْلٍ عَنِ الشَّيْبَانِيِّ عَنْ سَعِيدِ بْنِ أَبِي بُرْدَةَ عَنْ أَبِيهِ عَنْ أَبِي مُوسَى وَلَمْ يَذْكُرْ فِيهِ الاِسْتِتَابَةَ .

বাংলা

৪৩০৫. মুহাম্মাদ্ ইব্ন আলা (রহঃ) .... আবূ বুরদা (রহঃ) এ ঘটনা বর্ণনা প্রসঙ্গে বলেনঃ একদা আবূ মূসা (রাঃ)-এর নিকট জনৈক মুরতাদ ব্যক্তিকে হাযির করা হয়। তিনি তাকে প্রায় বিশদিন যাবৎ পুনরায় মুসলিম হওয়ার জন্য অনুরোধ করেতেন। পরে মু’আয (রাঃ)ও সেখানে উপস্থিত হয়ে তাকে দীনের দাওয়াত দেন। কিন্তু সে তা অস্বীকার করলে তাকে হত্যা করা হয়।

ইমাম আবূ দাঊদ (রহঃ) বলেনঃ আবদুল মালিক ইব্ন উমায়র (রহঃ), আবূ বুরদা (রহঃ)-এর নিকট যা বর্ণনা করেছেন, সেখানে তাওবার কথা উল্লেখ নেই।

রাবী ইব্ন ফুযায়ল-শায়বানী (রহঃ) হতে, তিনি সাঈদ ইব্ন আবূ বুরদা (রহঃ) হতে, তিনি তার পিতা হতে এবং তিনি আবূ মূসা (রাঃ) হতে যা বর্ণনা করেছেন, সেখানে তাওবার কথা উল্লেখ নেই।

## English

Abu Burdah said:
A man who turned back from Islam was brought to Abu Musa. He invited him to repent for twenty days or about so. Muadh then came and invited him (to

embrace Islam) but he refused. So he was beheaded.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবূ বুরদাহ্ ইবনু আবূ মূসা আশ'আরী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=36411

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন